নবদ্বীপে তিনকড়ি স্মরণে বাউল মেলা

নিজস্ব সংবাদদাতা, নবদ্বীপ : তিনকড়িবাসী নবদ্বীপ শহরের পঞ্চবটী পথিমেলা প্রাঙ্গণে মাধু বাউল ফকির মিলন মেলা সমিতির আয়োজনে এক বাউল মেলা চলছে। এই বাউল মেলার উদ্বোধক ছিলেন রাজ্যের প্রাক্তন মন্ত্রী তথা স্থানীয় বিধায়ক পুণ্ডরীকাক্ষ সাহা। অতিথি ছিলেন নবদ্বীপ পুরসভার পুরপ্রধান বিমানকৃষ্ণ সাহা সহ অনেকে। এই বাউল মেলা পিছনে জড়িত আছে যে, নদিয়ার গোবরাপোতার সমীর পাঁড়ের কাছে আকস্মিক ভাবে ছাদে পড়ে মন আত্মতৃপ্তির খ্যাতিমান শিল্পী তিনকড়ি চক্রবর্তী। শিল্পীর আকস্মিকভাবে জলে ডুবে মৃত্যু হয়। সেই থেকে এই খ্যাতিমান শিল্পীর প্রতি শ্রদ্ধা জানাতে নবদ্বীপে তিনকড়িবাসী বাউল মেলার আয়োজন করা হয়। স্বপন আচার্য বলেন, আমাদের সংস্কৃতির অঙ্গ হচ্ছে এইসব শিল্পী। তাদের প্রতি সম্মান জানানো উচিত তাই আমাদের এই আয়োজন। তিন দিন ব্যাপী বাউল মেলায় চলছে একটা উৎসব। এলাকার মানুষ ছাড়াও বহিরাগতদের ভিড় উপচে পড়ছে। রাতে ভাল ভিড় হচ্ছে বাউলপ্রেমীদের।

আসানসোল জেলা হাসপাতালে অগ্নিনির্বাপণ ব্যবস্থা যথাযথ : সুপার

নিজস্ব সংবাদদাতা, আসানসোল : মুর্শিদাবাদ মেডিক্যাল কলেজে ভয়াবহ অগ্নিকাণ্ডের পর আসানসোল জেলা হাসপাতালে অগ্নিনির্বাপণ ব্যবস্থা নিয়ে বিভাগীয় পরিদর্শন শুরু হল। আসানসোল জেলা হাসপাতালে গিয়ে দেখা যায় অগ্নিনির্বাপণ [illegible] দেখা যায়। বৈদ্যুতিক তারের ওয়্যারিং গুলিও সুসজ্জিত রয়েছে। আসানসোল জেলা হাসপাতালটির চারটি দুতলা নিচের তলা ও উপরতলা মিলিয়ে রোগীরা থাকেন। সমস্ত কক্ষে অগ্নিনির্বাপণ যন্ত্র লাগানো রয়েছে। সেগুলির পরিচালনায় [illegible] হাসপাতালে ছোট আগুন লাগলে তা মিটিয়ে ফেলা সম্ভব হবে, কিন্তু বড় ধরনের কোনও আগুন লাগলে অগ্নিনির্বাপণের ক্ষেত্রে সমস্যা দেখা দেবে। আগুন নির্বাপণের যন্ত্রগুলি প্রয়োজনের তুলনায় অনেক ছোট। সে ক্ষেত্রে আগুন নির্বাপণের সমস্যা দেখা দিতে পারে। রোগীর এক আত্মীয় উজ্জ্বল মৌলী বলেন, "ছোট আগুন লাগলে নিভিয়ে ফেলা যাবে। বড় আগুন লাগলে কোন পরিকাঠামোর ব্যবস্থা নেই এখানে। অপর আর এক রোগীর আত্মীয় বিপিন কুমার সাউ বলেন, "সেরকম কোনও ব্যবস্থা আমরা দেখিনি। এই যন্ত্রগুলিতে ছোট আগুন নিভানো যায়। বড় আগুন হলে বিপদে পড়তে হবে।" আসানসোল জেলা হাসপাতালের অগ্নিনির্বাপণ ব্যবস্থা নিয়ে হাসপাতালের সুপার বলেন, "এই মর্মে আমাদের কাছে একটি চিঠি আসে। আমরা ফায়ার ডিপার্টমেন্ট, পিডব্লুডি সহ সমস্ত বিভাগের সঙ্গে বৈঠক করেছি। ফায়ার বিভাগের রেকমেন্ডেশন আমাদের কাছে চলে এসেছে। সে অনুযায়ী আমরা পিডব্লুডি, পিএইচই সহ সমস্ত বিভাগকে আমরা চিঠি করেছি। এখন হাসপাতালে অগ্নিনির্বাপণ যন্ত্র লাগানো রয়েছে। সিঁড়ি রয়েছে। ইমারজেন্সি এক্জিট রয়েছে।"

কান্দিতে পথদুর্ঘটনা, জখম ৫ জন

[illegible]

[illegible]

নিজস্ব সংবাদদাতা, কান্দি : একটি সুমো ও অ্যাম্বাসাডর গাড়ির মুখোমুখি সংঘর্ষে জখম হলেন ৫ জন। জখমদের সকলকে গোকর্ণ ব্লক হাসপাতালে ভর্তি করা হয়েছে। বুধবার সকালে কান্দি-বহরমপুর রাজ্য সড়কের উপর গোকর্ণ পাওয়ার হাউসের কাছে ঘটে। খবর পেয়ে পুলিশ ও প্রত্যক্ষদর্শীরা জখমদের উদ্ধার করে চিকিৎসার জন্য গোকর্ণ ব্লক হাসপাতালে পাঠিয়ে দেয়। ৫ জনের মধ্যে দুজনের অবস্থা আশঙ্কাজনক হওয়ায় গোকর্ণ ব্লক হাসপাতাল থেকে মুর্শিদাবাদ মেডিক্যাল কলেজ হাসপাতালে রেফার করা হয়। পুলিশ জানিয়েছে, ঘটনায় দুটি গাড়ি উদ্ধার করা হয়েছে। টাটা সুমো গাড়ির চালক পলাতক। অ্যাম্বাসাডর গাড়ির চালক মঙ্গল কুমার সিংহ, এক জন সরকারি কর্মী সুব্রত দাস, গৌতম গুহ, জয়দেব নিয়োগী ও এক মহিলা জখম হয়ে চিকিৎসাধীন রয়েছেন। ওদের প্রথমে গোকর্ণ হাসপাতালে ভর্তি করা হয়। ওখানে জয়দেব নিয়োগীর অবস্থা আশঙ্কাজনক হলে মুর্শিদাবাদ মেডিক্যাল কলেজে পাঠানো হয়। জানা গেছে, এদিন বহরমপুর থেকে সুব্রত দাস সহ চার জন সরকারি গাড়ি করে কান্দিতে আসছিলেন। আসার পথে একটি টাটা সুমো ধাক্কা মারে। টাটা সুমো গাড়িটি গোকর্ণ রানেনপাড়া বাসস্টপে একজন বাসিন্দাকে ধাক্কা মেরে পালানোর সময় সামনের অ্যাম্বাসাডর গাড়িতে ধাক্কা মারে। ঘটনার তদন্ত শুরু করা হয়েছে।

যদিও ঘটনায় জখম সুব্রত দাস বলেন, ওয়াটার রিসোর্স ইনভেস্টিগেশন অ্যান্ড ডেভেলপমেন্ট ডিপার্টমেন্টের অফিসার আমরা। কান্দি কাজে যাওয়ার পথে ঘটনা। আমাদের চালকের দোষ ছিল না। টাটা সুমো গাড়ি ধাক্কা মারে।

পল্টু গুপ্তর গ্রেফতারের বিরুদ্ধে বিক্ষোভ অব্যাহত

আদালতের পথে পুলিশ ভ্যানের ধাক্কায় আহত ছাত্রী

নিজস্ব সংবাদদাতা, বহরমপুর : হাসপাতালের অগ্নিকাণ্ডে ধৃত অমল (পল্টু) গুপ্তকে মুর্শিদাবাদ থানা থেকে বহরমপুর আদালতে নিয়ে আসার সময় দুর্ঘটনা ঘটাল পুলিশ ভ্যান। দুই স্কুল ছাত্রীকে ধাক্কা মেরে বিক্ষোভের মুখে পড়ল পুলিশ। লালবাগ-বহরমপুর রাজ্য সড়ক অবরোধ করে বিক্ষোভ দেখাল উত্তেজিত জনতা। আহত দুই ছাত্রীকে মুর্শিদাবাদ মেডিক্যাল কলেজ হাসপাতালে ভর্তি করল এলাকার মানুষ। বুধবার সকাল ১০টা নাগাদ লালবাগের মুর্শিদাবাদ থানা থেকে বহরমপুর সিজেএম কোর্টে মুর্শিদাবাদ মেডিক্যাল কলেজ হাসপাতালের অগ্নিকাণ্ডে অভিযুক্ত অমল গুপ্তকে পল্টুকে নিয়ে আসছিল পুলিশ। অন্যদিকে লালবাগ-বহরমপুর রাজ্য সড়কের নতুন গ্রাম বাজার থেকে একটি সাইকেলে করে পরীক্ষা দিতে স্কুলে যাচ্ছিল দশম শ্রেণির ছাত্রী আশা খাতুন ও নবম শ্রেণির ছাত্রী নুরজামা খাতুন। রাস্তার মধ্যে হঠাৎ পুলিশ ভ্যানটি ধাক্কা মারলে সাইকেল নিয়ে ছিটকে পড়ে ওই দুই ছাত্রী। রক্তাক্ত অবস্থায় তাদের মুর্শিদাবাদ মেডিক্যাল কলেজ হাসপাতালে ভর্তি করা হয়। এই ঘটনায় পুলিশের গাড়ি আটকে বিক্ষোভ দেখাতে শুরু করে জনতা।

বেহাল অবস্থায় পাঁচথুপী প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্র

নিজস্ব সংবাদদাতা, বহরমপুর : মুর্শিদাবাদের কান্দি মহকুমার পাঁচথুপী প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্রটির অবস্থা বেহাল। বহু বছর ধরে ইনডোর বন্ধ থাকায় বাসিন্দাদের দুর্ভোগের শেষ নেই। অথচ স্বাস্থ্যকেন্দ্রটি চালু হওয়ার পর বাসিন্দারা স্বাস্থ্য পরিষেবা পাওয়া নিয়ে নিশ্চিন্ত বোধ করেন। কিন্তু অল্প কয়েক বছরের মধ্যেই স্বাস্থ্যকেন্দ্রটি বেহাল হয়ে পড়ে। স্থানীয় বাসিন্দারা বলেন, চিকিৎসার জন্য তাদের বড়ঞা ব্লক স্বাস্থ্যকেন্দ্র বা দশ কিলোমিটার দূরের কান্দি মহকুমা হাসপাতালে যেতে বাধ্য হতে হয়। ইনডোর বন্ধ থাকায় প্রসূতি ও রোগীদের খুবই অসুবিধার মধ্যে পড়তে হয়। ভোগান্তির শেষ নেই।

জানা গেছে, পাঁচথুপীর বাসিন্দা সত্যব্রত ঘোষদস্তিদার প্রায় তার ১২ বিঘা জমিতে ১৯৬১ সালের ১৭ এপ্রিল এই স্বাস্থ্যকেন্দ্রের ভিত্তিপ্রস্তর স্থাপন করা হয়। পরে ১৯৭৪ সালে নাগাদ স্বাস্থ্যকেন্দ্রটি চালু হয়। প্রথমে ওপিডি প্রসূতিদের জন্য ওয়ার্ড চালু করা হয়। পিছুপিল দশ থেকে ১০ বেডের একটি প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্র চালু হয়। সে সময় চিকিৎসক ও নার্সদের জন্য [illegible] এলাকার প্রায় ৩০ হাজার বাসিন্দা ১৯৮৭ সাল পর্যন্ত স্বাস্থ্যকেন্দ্রে পরিষেবা পেতেন। বাসিন্দারা জানান, কিন্তু ওই সময় তৎকালীন চিকিৎসক চন্দ্রশেখর মণ্ডলের অবসরের পর ভয় পেয়ে অন্যান্য স্বাস্থ্যকর্মী আবাসন ছেড়ে চলে যান। আবাসনগুলিও দীর্ঘদিন বন্ধ থাকে। পরে বেহাল হয়ে পড়ে। চুরি হয়ে যায় দরজা, জানলা। পরিণত হয় সাপখোপের আস্তানা।

তারপর থেকে আজও স্বাস্থ্যকেন্দ্রের অবস্থার পরিবর্তন হয়নি। বর্তমানে স্বাস্থ্যকেন্দ্রটির একাংশে স্বাস্থ্যকর্মীরা আউটডোর সেরেই চলে যান। স্থানীয় বাসিন্দারা স্বাস্থ্যকেন্দ্রটির সংস্কারের জন্য আন্দোলনে নামেন। পাঁচথুপী নাগরিক মঞ্চ গড়ে ওই কেন্দ্রের ইনডোর বিভাগ সহ পরিকাঠামোর উন্নয়নের দাবিতে ২০০৫ সালের ৮ জুলাই স্বাস্থ্যকেন্দ্র চত্বরে আমরণ অনশনে বসেন তাঁরা। পরে কান্দি মহকুমার উপস্বাস্থ্য আধিকারিক মারফত রাজ্যের স্বাস্থ্যমন্ত্রী অনশন প্রত্যাহারের অনুরোধ জানালে অনশন বন্ধ করা হয়। ওই মঞ্চের পক্ষে অজিত লাহা জানান, অনশন তুলে স্বাস্থ্যদপ্তর আজও ইনডোর চালু করতে পারেনি। আন্দোলন চলছে আমাদের।

জানা গেছে, কয়েক বছর স্বাস্থ্য দপ্তর থেকে কেন্দ্রটিতে ১০ বেডের কথা বলা হয়। পঞ্চায়েত [illegible] পাঠানো হয়। কিন্তু কোনও উদ্যোগ এখনও চালু হয়নি। বর্তমানে দুজন স্বাস্থ্যকর্মী ও একজন চিকিৎসক দিয়ে ধুঁকছে স্বাস্থ্যকেন্দ্রটি। স্বাস্থ্য দপ্তরের কাছে আজ পর্যন্ত বাসিন্দারা আশার কথা শুনতে পাননি।

নদিয়ায় উদ্ধার যুবকের মৃতদেহ

নিজস্ব সংবাদদাতা, নদিয়া : নদিয়ার বেতাই যের পলাশি মিরাজল থানার বাসিন্দা বছর চল্লিশের এক যুবকের মৃতদেহ উদ্ধারকে ঘিরে এলাকাতে ব্যাপক চাঞ্চল্য ছড়িয়েছে। মৃত যুবকের নাম সুশান্ত মোন্ড (৪০)। মৃতদেহটি পাওয়া যায় পলাশির কাঠমিলের পাশের এক জায়গাতে। পুলিশ মৃতদেহটি উদ্ধার করে ময়নাতদন্তের জন্য হাসপাতালে পাঠায়। অনেকে মনে করছেন যে, ওই যুবকটি কীটনাশক খেয়ে আত্মঘাতী হয়েছে। তার কাছ থেকে একটি সুইসাইড নোট উদ্ধার হয়েছে। সুইসাইড নোটে যুবক লিখে গিয়েছে যে, তার স্ত্রীর সঙ্গে এলাকার এক যুবকের অবৈধ সম্পর্ক রয়েছে। সে বার বার বলা সত্ত্বেও তার স্ত্রী তার কথা মানেনি। তাই সে মানসিকভাবে ওই অবৈধ সম্পর্ক মেনে নিতে পারেনি। তিনি সুইসাইড নোটে লিখে আবেদন করে গেছেন, যেন তার জমিজমার ভাগ তার স্ত্রী ও ছেলেমেয়েকে না দেওয়া হয়। তার স্ত্রী ও তার এক মেয়ে নিখোঁজ রয়েছে। যদিও তার স্ত্রী স্বামীর মৃত্যুতে শোকাহত বলে জানা গিয়েছে। তবে মৃত্যু নিয়ে এলাকার মানুষের সন্দেহ রয়েছে। এলাকার মানুষ জানিয়েছেন, মৃতদেহটি ভাল করে তদন্ত করে দেখা উচিত। পুলিশ তদন্ত করছে।

ইস্টার্ন সিল্ক ইন্ডাস্ট্রিজ লিমিটেড
রেজি: অফিস: ১৯, আর.এন.মুখার্জি রোড, কলকাতা-৭০০০০১
ফোন: [illegible]
ই-মেল: investors@easternsilk.com,
CIN L17226WB1946PLC013554

বিজ্ঞপ্তি

[illegible] www.easternsilk.com [illegible]

বোর্ডের আদেশানুসারে
ইস্টার্ন সিল্ক ইন্ডাস্ট্রিজ লিমিটেড
কোম্পানি সেক্রেটারি

স্থান: কলকাতা
তারিখ: ৩১ আগস্ট, ২০১৬

ধনশ্রী ইলেকট্রনিক্স লিমিটেড
রেজি: অফিস: ব্লক-ইপি অ্যান্ড জিপি, প্লট নং-১১-১৬, সেক্টর-৫, সল্টলেক, কলকাতা-৭০০০৯১
ই-মেল: delaccounts@toshniwalworld.com
CIN L31103WB1987PLC042594

২৯ তম বার্ষিক সাধারণ সভা, বই বন্ধ এবং ই-ভোটিংয়ের বিজ্ঞপ্তি

এতদ্বারা বিজ্ঞাপিত করা হচ্ছে যে, কোম্পানির ২৯ তম বার্ষিক সাধারণ সভা বুধবার ১৪ সেপ্টেম্বর, ২০১৬ তারিখে সকাল ১১টায় প্লট ১১-১৬, ব্লক ইপি এবং জিপি, সেক্টর-৫, সল্টলেক, কলকাতা-৭০০০৯১ ঠিকানায় অনুষ্ঠিত হবে।

৩১ মার্চ, ২০১৬ তারিখে সমাপ্ত বছরের নিরীক্ষিত অনুসারে সাধারণ ব্যবসায় এবং বিশেষ ব্যবসায়ের বিজ্ঞপ্তি সদস্যদের কাছে পাঠিয়ে দেওয়া হয়েছে প্রক্সি ফর্ম বিবরণীসহ। যেসমস্ত সদস্যদের নাম নথিভুক্ত আছে কোম্পানির ডিপোজিটরি সিস্টেমে, সেই সমস্ত সদস্যদের কুরিয়ারের মাধ্যমে ও ই মেল আইডিতে পাঠিয়ে দেওয়া হয়েছে। উক্ত বিজ্ঞপ্তি ন্যাশনাল ডিপোজিটরি সিকিউরিটিস (ইন্ডিয়া) লি: (এনএসডিএল)-এ পাওয়া যাবে।

২০১৩ সালের কোম্পানি আইনের ১০৮ ধারা অনুসারে এর সঙ্গে পঠনীয় রুল ২০ অফ কোম্পানিজ (পরিচালন ও প্রশাসন) সংশোধনী রুলস্ ২০১৪ অনুসারে কোম্পানির (পরিচালন এবং প্রশাসন) সংশোধনী রুলস ২০১৫ এবং রেগুলেশন ৪৪ অফ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ বোর্ড অফ ইন্ডিয়া (কেন্দ্রীয় দায় এবং বাধ্যতামূলক বিবরণী) রেগুলেশন ২০১৫ অনুসারে কোম্পানি সেন্ট্রাল ডিপোজিটরি সার্ভিসেস (ইন্ডিয়া) লিমিটেড-এর মাধ্যমে। উক্ত বিজ্ঞপ্তি ২০ জুলাই, ২০১৬ তারিখে শ্রী [illegible] কোম্পানি সেক্রেটারি (মেম্বারশিপ নম্বর ৪৭৪০, সিপি নম্বর ২০১৮) কে নিযুক্ত করা হয়েছে পোস্টাল ব্যালট প্রক্রিয়া সুষ্ঠু ভাবে সম্পন্ন করার জন্য।

৭ সেপ্টেম্বর, ২০১৬ তারিখ পূর্বতারিখ হিসেবে নির্ধারণ করা হয়েছে এই সময়ের পরে যে সব সদস্যরা নথিভুক্ত হয়েছেন এই সময়ের পরে সেই সমস্ত সদস্যরা বার্ষিক সাধারণ সভায় বৈঠকে যোগ দিতে পারবেন এবং ভোটাধিকার প্রয়োগ করতে পারবেন।

ই-ভোটিং শুরু হবে রবিবার ১১ সেপ্টেম্বর, ২০১৬ তারিখে সকাল ৯টায় এবং শেষ হবে ১৩ সেপ্টেম্বর, ২০১৬ তারিখে বিকাল ৫টায়। এই সময়ের পরে ই-ভোটিং মডিউলে কোনও ভোট বৈধ বলে গণ্য করা হবে না।

রিমোট ই-ভোটিং সম্পর্কে কোনও জিজ্ঞাসা থাকলে সদস্যরা এফএকিউএস-এর ম্যানুয়াল ওয়েবসাইট www.evotingindia.com এর মাধ্যমে অথবা helpdesk.evoting@nsdlindia.com মেল করে তাদের বক্তব্য জানাতে পারেন।

২০১৩ সালের কোম্পানি আইনের ৯১ ধারা এবং সঙ্গে পঠনীয় রুলস অফ কোম্পানিজ আইন ২০১৩-এর সঙ্গে পঠনীয় রুল ১০ কোম্পানিজ (পরিচালন ও প্রশাসন) রুলস ২০১৪ এবং রেগুলেশন ৪২ অফ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ বোর্ড অফ ইন্ডিয়া (কেন্দ্রীয় দায় এবং বাধ্যতামূলক বিবরণী) রেগুলেশন ২০১৫ অনুসারে বিজ্ঞাপিত করা হচ্ছে। এছাড়া বিজ্ঞপ্তি [illegible] শেয়ার ট্রান্সফার বুক বন্ধ থাকবে ৮ সেপ্টেম্বর, ২০১৬ তারিখ থেকে ১৪ সেপ্টেম্বর, ২০১৬ তারিখ (উভয় দিনসহ) পর্যন্ত বন্ধ থাকবে।

বোর্ডের আদেশানুসারে
ধনশ্রী ইলেকট্রনিক্স লি:-এর পক্ষে
স্বা:/-
নীতিন তোষনিওয়াল
ম্যানেজিং ডিরেক্টর
(DIN:00052422)

স্থান: কলকাতা
তারিখ: ০১-০৮-২০১৬

ডেঙ্গি প্রতিরোধে ব্যবস্থা গ্রহণ কান্দি পুরসভার

কান্দি পুরসভার এক কর্মী স্প্রে করতে ব্যস্ত।

নিজস্ব সংবাদদাতা, কান্দি : দেরিতে হলেও ডেঙ্গি প্রতিরোধে ব্যবস্থা গ্রহণ করল মুর্শিদাবাদের কান্দি পুরসভা। ১৮টি ওয়ার্ডে ১০ জন কর্মীকে লাগানো হল জীবাণুনাশক স্প্রে করার জন্য। খুশি কান্দির পুর বাসিন্দারা। যদিও পুরসভার প্রাক্তন পুরপ্রধান তৃণমূল কাউন্সিলর গৌতম রায় বলেন, এটা পুরসভার পুরবাসিন্দাদের সান্ত্বনা দেওয়া ও ভুল বোঝানো ছাড়া আর কিছুই নয়। রাজ্য যখন ডেঙ্গিতে কাঁপছে, রাজ্যের মুখ্যমন্ত্রী যখন ব্যবস্থা গ্রহণের জন্য পঞ্চায়েত পুরসভার কাছে আবেদন করছেন তখন কান্দি পুর কর্তৃপক্ষের দেখা নেই। ডেঙ্গি নিয়ে পুর কাউন্সিলরদের সঙ্গে জরুরি বৈঠক নেই। যখন সব শেষ তখন কান্দি পুরসভার তৎপরতা। দেরিতে হলেও পুর কর্তৃপক্ষের ব্যবস্থা গ্রহণ করায় ধন্যবাদ। যদিও কান্দির পুর বাসিন্দাদের দাবি, ডেঙ্গি প্রতিরোধের নামে যে স্প্রে করা হচ্ছে সেটা ১৫ দিন আগে করা দরকার ছিল। যে স্প্রে করা হচ্ছে তার গন্ধ নেই কেন দেখা উচিত।

যদিও কান্দি পুরসভার উপপুরপ্রধান সান্ত্বনা রায় বলেন, পুরসভার আর্থিক সমস্যার জন্য স্প্রে কিনতে সমস্যা হচ্ছে। কিছু সরকারি মাল ডেট শেষ হওয়ার জন্য স্প্রে বন্ধ ছিল। পরে পয়সা দিয়ে কিনে ডেঙ্গি প্রতিরোধের জন্য ব্যবস্থা করা হয়। এখন চলবে। ১৮টা ওয়ার্ডে ১০ জন দিনমজুর কাজ করছে। তবে ডেঙ্গিতে আক্রান্তের এখনও কোনও খবর নেই মুর্শিদাবাদের কান্দি পুরসভায় মশার সংখ্যা সবথেকে বেশি। প্রতিবছর কান্দিতে ডেঙ্গির আক্রান্তের সংখ্যা থাকে, এবারও নেই। পুরসভার মধ্যে দিয়ে গেছে কান্দির (নালা)। এই নালা একমাস আগে সংস্কার করা হয়। চুন দেওয়া হয়। ফলে সাফল্য মিলেছে।

চাঁদার জুলুমের শিকার বাঁকুড়ার অতিরিক্ত জেলাশাসক

নিজস্ব সংবাদদাতা, বিষ্ণুপুর : সোনামুখীতে সাধারণ যানবাহনের যাত্রীরা চাঁদার জুলুমের শিকার হওয়ার ঘটনা আকছার ঘটে। তা নিয়ে প্রতিবাদ হলেও রাজনৈতিক প্রভাবে সেই অর্থে থামানো যায়নি। কিন্তু বুধবার সোনামুখী শহরে চাঁদার জুলুমের শিকার হতে হল বাঁকুড়ার অতিরিক্ত জেলাশাসক পার্থ ঘোষ সহ অন্যান্য সরকারি আধিকারিকদের। এদিন বিকালে সোনামুখীর রথতলাতে তাদের গাড়ি আটকে চাঁদা চাওয়া হয়। প্রতিবাদ করলে আধিকারিকদের হেনস্থা করা হয়। এমনকি জুলুমের প্রতিবাদ করলে এক আধিকারিকদের গাড়ি থেকে টেনে নামানো করা হয় বলে অভিযোগ। বিষ্ণুপুরের এসডিপিও লাল্টু হালদার বলেন, জেলার বেশ কয়েকজন আধিকারিকদের কাছে চাঁদা চাওয়ার অভিযোগ পাওয়ার সঙ্গে সঙ্গে ঘটনাস্থলে পুলিশ পাঠানো হয়েছে। দুজনকে আটক করা হয়েছে। ঘটনার সঙ্গে যুক্ত বাকিদের খোঁজ চলছে। বাঁকুড়া জেলা অতিরিক্ত জেলাশাসক (ভূমি ও ভূমি সংস্কার) পার্থ ঘোষ বলেন, সোনামুখীতে এদিন আমাকে হেনস্থা না করলেও দপ্তরের বেশ কয়েকটি গাড়ি চাঁদার জুলুমের মুখে পড়েন। প্রশাসনেরই একটি গাড়ি থেকে ৫০ টাকা অফিসারদের হেনস্থা করা হয়েছে। এটা কাম্য নয়। স্থানীয় সূত্রে জানা গিয়েছে, এদিন হাইকোর্টের নির্দেশে এদিন অতিরিক্ত জেলাশাসক (ভূমি ও ভূমি সংস্কার) পার্থ ঘোষের নেতৃত্বে ইন্দাসের গোপালপুরে প্রবেশ একটি টিমের সিল করতে যাওয়া হয়। সঙ্গে আধিকারিক, কর্মী ও প্রতিনিধি নিয়ে প্রায় ৪০ জন ছিলেন। তাঁদের একটি গাড়িতে সিল করার সামগ্রী ছিল।

এমএসপি স্টিল অ্যান্ড পাওয়ার লিমিটেড
রেজি: অফিস: ১, বুকেড রোড, কলকাতা-৭০০০৩৯
কর্পোরেট অফিস: ১৬/এ, ব্লক-এ, নিউ আলিপুর, কলকাতা-৭০০০৫৩
ফোন: ০৩৩-৪০০৫৭৭৭৭, ফ্যাক্স: ০৩৩-২৩৯৮২২৫২
ই-মেল: investors.contact@mspsteel.com,
ওয়েবসাইট: www.mspsteel.com
CIN L27109WB1968PLC027399

সদস্যদের প্রতি বিজ্ঞপ্তি

এতদ্বারা বিজ্ঞাপিত করা হচ্ছে যে, কোম্পানির ৪৭ তম বার্ষিক সাধারণ সভার বিজ্ঞপ্তি ২২ সেপ্টেম্বর, ২০১৬ তারিখে বিকাল ৩:৩০ মিনিটে কোর্টইয়ার্ড সদন, ১৪/২, চৌরঙ্গি রোড, কলকাতা-৭০০০২০ ঠিকানায় অনুষ্ঠিত হবে। যার ব্যাখ্যামূলক বিজ্ঞপ্তি সদস্যদের কাছে পাঠিয়ে দেওয়া হয়েছে।

২০১৩ সালের কোম্পানি আইনের ৯১ ধারা অনুসারে এবং এর সঙ্গে পঠনীয় এবং রেগুলেশন ৪২ অফ সেবি (কেন্দ্রীয় দায় এবং বাধ্যতামূলক বিবরণী) রেগুলেশন ৪২ অফ সেবি (কেন্দ্রীয় দায় এবং বাধ্যতামূলক বিবরণী) ২০১৫ অনুসারে শেয়ার ট্রান্সফার বুক ১৬ সেপ্টেম্বর, ২০১৬ থেকে ২২ সেপ্টেম্বর, ২০১৬ (উভয় দিন সহ) পর্যন্ত বন্ধ থাকবে বার্ষিক সাধারণ সভা অনুষ্ঠিত হওয়ার কারণে।

কোম্পানির তরফ থেকে ৪৭তম বার্ষিক সাধারণ সভার বিজ্ঞপ্তির সঙ্গে ২০১৫-১৬ অর্থবর্ষের বার্ষিক রিপোর্ট, প্রক্সি ফর্ম, যোগদানের স্লিপ, ২৯ জুলাই, ২০১৬ তারিখ পর্যন্ত নথিভুক্ত শেয়ার হোল্ডারদের কাছে পাঠানো হয়েছে ৩০ আগস্ট, ২০১৬ তারিখ পর্যন্ত। কোম্পানির তরফে ইমেল আইডি রেজিস্টার্ড ঠিকানা ও ব্যক্তিগত মেলে ইমেল আইডি মারফত পাঠানো হয়েছে। উক্ত বিজ্ঞপ্তির সঙ্গে প্রক্সি যোগদানের স্লিপ পাঠানো হয়েছে উক্ত নথিগুলি কোম্পানির ওয়েবসাইট www.mspsteel.com এবং কার্ভি কম্পিউটারশেয়ার প্রা: লি:-এর ওয়েবসাইট evoting.karvy.com এ পাওয়া যাবে।

২০১৩ সালের কোম্পানি আইনের ১০৮ ধারা এবং সঙ্গে পঠনীয় রুলস ২০ অফ কোম্পানিজ (পরিচালন ও প্রশাসন) রুলস ২০১৪ অনুসারে রিমোট ই-ভোটিংয়ের সুবিধা প্রদান করা হয়েছে। অর্থাৎ ৪৭তম বার্ষিক সাধারণ সভার পক্ষে ভোটাধিকার প্রয়োগ করা হবে ইলেকট্রনিক্স ফর্মাটে যার কাট অফ তারিখ ১৬ সেপ্টেম্বর, ২০১৬। যে সমস্ত শেয়ার হোল্ডার ১৬ সেপ্টেম্বর, ২০১৬ তারিখ (কাট অফ তারিখ) নথিভুক্ত হয়েছেন সেই সমস্ত বেনিফিশিয়াল ওনারদের ভোটাধিকারের সুবিধা প্রদান করা হবে। রিমোট ই-ভোটিং শুরু হবে ১৯ সেপ্টেম্বর, ২০১৬ তারিখ বিকাল ৫টায় এবং শেষ হবে ২১ সেপ্টেম্বর, ২০১৬ তারিখ বিকাল ৫টায়। এই সময়ের পরে রিমোট ই-ভোটিং বৈধ বলে গণ্য করা হবে না। যদি কোনও ব্যক্তি কাট অফ তারিখের পরেও বিজ্ঞপ্তি না পেয়ে থাকেন সেই সমস্ত সদস্যদের অনুরোধ করা হচ্ছে ইমেল আইডি ও পাসওয়ার্ডের জন্য ই-ভোটিংয়ের জন্য মেল করতে অথবা কার্ভি টোল ফ্রি নম্বর ১৮০০-৩৪৫৪-০০১ নম্বরে ফোন করতে।

আরও বিজ্ঞাপিত করা হচ্ছে যে, যে সমস্ত সদস্য রিমোট ই-ভোটিংয়ের মাধ্যমে ভোটদান করেননি সেই সমস্ত সদস্য পোলিং/ব্যালট পেপারের মাধ্যমে ভোটাধিকার প্রয়োগ করতে পারবে। সদস্যদের অবগত অনুরোধ করা হচ্ছে যে, ই-ভোটিং সম্পর্কিত কোনও জিজ্ঞাসা থাকলে সদস্যরা এফএকিউএস-এর ম্যানুয়াল ওয়েবসাইটের মাধ্যমে তাদের বক্তব্য জানাতে পারেন। অথবা evoting.karvy.com অথবা কার্ভি কম্পিউটারশেয়ার প্রা: লি:-এর টোল ফ্রি নম্বর ১৮০০-৩৪৫-৪০০১ (টোল ফ্রি) ও শ্রী এসভি রাজু জেনারেল ম্যানেজার (কার্ভি) অথবা ইউনিট এমএসপি স্টিল অ্যান্ড পাওয়ার লি: কার্ভি কম্পিউটারশেয়ার প্রা: লি:, কার্ভি সেলেনিয়াম টাওয়ার বি, প্লট নম্বর ৩১-৩২, গাচিবাউলি, ফিনান্সিয়াল ডিস্ট্রিক্ট, নানাক্রমগুডা, হায়দরাবাদ, ৫০০০৩২, টেলিফোন নম্বর ০৪০-৬৭১৬২২২২ ও ইমেল আইডি einward.ris@karvy.com এ জানাতে পারেন।

বোর্ডের আদেশানুসারে
এমএসপি স্টিল অ্যান্ড পাওয়ার লি:-এর পক্ষে
স্বা:/-শ্রেয়া কর
কোম্পানি সেক্রেটারি

স্থান: কলকাতা
তারিখ: ৩০ আগস্ট, ২০১৬

আরএসডি ফিনান্স লিমিটেড
রেজি: অফিস: ২২৪, এজেসি বোস রোড, ১০ তলা, কমনা ১০২, কৃষ্ণানির্মিত, কলকাতা-৭০০০১৭
ফোন: [illegible]
ই-মেল: rsdfinance.ltd@gmail.com, ওয়েবসাইট: www.rsdfinacelimited.com
CIN L17222WB1963PLC025749

৫৩তম বার্ষিক সাধারণ সভা, রিমোট ই-ভোটিং ও বই বন্ধের বিজ্ঞপ্তি

এতদ্বারা বিজ্ঞাপিত করা হচ্ছে যে, কোম্পানির ৫৩ তম বার্ষিক সাধারণ সভা শনিবার ২৪ সেপ্টেম্বর, ২০১৬ তারিখে দুপুর ২.৩০ মিনিটে কোম্পানির রেজিস্টার্ড অফিস ২২৪, এজেসি বোস রোড, ১০ তলা, কমনা ১০২, কৃষ্ণানির্মিত, কলকাতা-৭০০০১৭ ঠিকানায় অনুষ্ঠিত হবে। যার ব্যাখ্যামূলক বিজ্ঞপ্তি সদস্যদের কাছে পাঠিয়ে দেওয়া হয়েছে।

২০১৩ সালের কোম্পানি আইনের ৯১ ধারা অনুসারে এবং এর সঙ্গে পঠনীয় এবং রেগুলেশন ৪২ অফ সেবি (কেন্দ্রীয় দায় এবং বাধ্যতামূলক বিবরণী) রেগুলেশন ৪২ অফ সেবি (কেন্দ্রীয় দায় এবং বাধ্যতামূলক বিবরণী) ২০১৫ অনুসারে শেয়ার ট্রান্সফার বুক ১৭ সেপ্টেম্বর, ২০১৬ থেকে ২৪ সেপ্টেম্বর, ২০১৬ (উভয় দিনসহ) পর্যন্ত বন্ধ থাকবে বার্ষিক সাধারণ সভা অনুষ্ঠিত হওয়ার কারণে।

বার্ষিক সাধারণ সভার রিপোর্ট ইলেকট্রনিক মোডে সদস্যদের ইমেল আইডি/আরটিএ এবং ডিপোজিটরি পার্টিসিপেন্টের মাধ্যমে রেজিস্টার্ড ঠিকানায় পাঠিয়ে দেওয়া হয়েছে www.rsdfinacelimited এ।

২০১৩ সালের কোম্পানি আইনের ১০৮ ধারা এর সঙ্গে পঠনীয় রুল ২০ অফ কোম্পানিজ (পরিচালন ও প্রশাসন) রুলস্ সংশোধনী রেগুলেশন ৪৪ অফ সেবি (কেন্দ্রীয় দায় এবং বাধ্যতামূলক বিবরণী) ২০১৫ অনুসারে এবং সেক্রেটারিয়াল স্ট্যান্ডার্ড (এসএস২) যা ইনস্টিটিউট অফ কোম্পানি সেক্রেটারিজ অফ ইন্ডিয়ার মাধ্যমে বার্ষিক সাধারণ সভায় প্রস্তুত পাঠানো হয়েছে এনএসডিএল-এর মাধ্যমে। বিস্তারিত রিমোট ই-ভোটিংয়ের বিবরণী হল

১. রিমোট ই-ভোটিং শুরু হবে ২০ সেপ্টেম্বর, ২০১৬ তারিখে সকাল ৯টায় এবং শেষ হবে ২৩ সেপ্টেম্বর, ২০১৬ তারিখে বিকাল ৫টায়।

২. রিমোট ই-ভোটিং ২৩ সেপ্টেম্বর, ২০১৬ তারিখে বিকাল ৫টার পরে বৈধ বলে গণ্য হবে না।

৩. একজন সদস্য যদি কাট অফ তারিখ অর্থাৎ ১৭ সেপ্টেম্বর, ২০১৬ তারিখের পরে নথিভুক্ত হয়ে থাকেন তাহলে উক্ত সদস্য ই-ভোটিংয়ের মাধ্যমে ভোটদানের অধিকারী হবেন।

৪. বার্ষিক সাধারণ সভার বিজ্ঞপ্তি কোম্পানির ওয়েবসাইট www.rsdfinacelimited.com এ পাওয়া যাবে।

৫. যদি কোনও ব্যক্তি কোম্পানির বেনিফিসিয়াল ওনার হিসেবে কাট অফ তারিখ অর্থাৎ ১৭ সেপ্টেম্বর, ২০১৬ তারিখের পরে নথিভুক্ত হয়ে থাকেন তা হলে লগ ইন আইডি এবং পাসওয়ার্ড সহ পাঠাতে অনুরোধ করা হচ্ছে evoting@nsdl.co.in অথবা skcdilip@gmail.com এ এনএসডিএল-এর ওয়েবসাইটে পাঠাতে হবে।

৬. যেসমস্ত সদস্য রিমোট ই-ভোটিংয়ের মাধ্যমে ভোটদান করেননি সেই সমস্ত সদস্য পোলিং পেপারের মাধ্যমে ভোট দিতে পারবেন।

৭. কোম্পানির তরফ থেকে শ্রীভজন প্রসাদ সোয়াইন প্র্যাকটিসিং কোম্পানি সেক্রেটারিকে স্ক্রুটিনাইজার হিসাবে নিয়োগ করা হয়েছে ই-ভোটিং প্রক্রিয়া সুষ্ঠুভাবে সম্পন্ন করার জন্য।

৮. রিমোট ই-ভোটিংয়ের মাধ্যমে যে সমস্ত সদস্য ভোটদান করতে চান সেই সমস্ত সদস্যের ৫৩তম বার্ষিক সাধারণ সভার বিজ্ঞপ্তি সম্পর্কে কোনও জিজ্ঞাসা, অভিযোগ থেকে থাকে তা হলে সেই সমস্ত সদস্যদের অনুরোধ করা হচ্ছে শ্রী সুরাশিস সেন ও মুখ্য এনএসডিএল-এর এক্সিকিউটিভকে এফএকিউএস-এর মাধ্যমে অথবা www.evoting.nsdl.com ও টোল ফ্রি নম্বর ১৮০০-২২২-৯৯০ নম্বরে ফোন করতে পারেন অথবা লিখতে পারেন কোম্পানি সেক্রেটারি ইমেল আইডি rsdfinacelimited.com এ।

বোর্ডের আদেশানুসারে
আরএসডি ফিনান্স লি:-এর পক্ষে
স্বা:/-রাজীব সিং দুগাল
ম্যানেজিং ডিরেক্টর
DIN 00052037

স্থান: জামশেদপুর
তারিখ: ৩১ আগস্ট, ২০১৬